দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

093

তারিখ 05 DEC 1988
পৃষ্ঠা 3 কলাম 4

৩

# শিক্ষার উপযুক্ত পরিবেশ গড়িয়া তোলার উপর গুরুত্ব আরোপ

বাসস জানায়, শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ ছাত্রদের মেধা বিকাশের উদ্দেশ্যে শিক্ষার উপযুক্ত অনুকূল পরিবেশ গড়িয়া তোলার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, মেধাবী ছাত্ররা সমাজের সম্পদ। তাহাদের মেধা বিকাশের জন্য ঘরে-বাইরে অনুকূল পরিবেশ গড়িয়া তোলা প্রয়োজন।

১৯৮৭ সালে অনুষ্ঠিত ঢাকা বোর্ডের অধীনস্থ এসএসসি পরীক্ষায় প্রথম স্থান অধিকারী আরিফ আহমদকে 'ইদ্রিস স্মৃতি স্বর্ণপদক'

(৪র্থ পৃঃ দ্রঃ)

## শিক্ষার উপযুক্ত পরিবেশ

(৩য় পৃঃ পর)

প্রদান উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তৃতাকালে শিক্ষামন্ত্রী সমাজে মূল্যবোধের অবক্ষয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেন।

ইদ্রিস স্মৃতি ট্রাষ্টের সৌজন্যে ঢাকা শিক্ষা বোর্ড এই স্বর্ণ পদক প্রবর্তন করে।

বোর্ডের চেয়ারম্যান আবদুর রশীদের সভাপতিত্বে অনুষ্ঠানে শিক্ষা সচিব হেদায়েত আহমদ এবং পদক বিজয়ী আরিফ আহমদ বক্তৃতা করেন।